গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালক এর কার্যালয়
দুগ্ধ ঘাটতি উপজেলায়
দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০৪৮.৯৯.০০১.২৩(দুগ্ধ সম্প্রসারণ)/২য় খন্ড-৯০৮ তারিখ: ২৯/০৭/২০২৬ খ্রি.

**বিষয়: বেঞ্চমার্ক সার্ভের মাধ্যমে "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের উপযুক্ত সুবিধাভোগী নির্বাচন ও সমবায় সমিতি গঠন বিষয়ে নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের অনুমোদিত ডিপিপির দ্বিতীয় সংশোধনের নিমিত্ত পিআইসি, পিএসসি এবং পিইসি সভায় নতুন ২৫টি উপজেলা অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় (তালিকা সংযুক্ত)। প্রকল্পটি সফল ও সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পভুক্ত উপজেলার অধিকতর সম্ভাবনাময় এলাকা হতে উপযুক্ত সুবিধাভোগী নির্বাচন সঠিক ও যথাযথ হওয়া আবশ্যক। এমতাবস্থায়, তাঁর আওতাধীন উপজেলায় উপযুক্ত সুবিধাভোগী নির্বাচনের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশনাসমূহ:

১. প্রকল্প এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. সমবায় সমিতির মাধ্যমে নিজেদের ভাগ্যোন্নয়নে আগ্রহী ও নিয়মিত শেয়ার সঞ্চয় প্রদানে আগ্রহী হতে হবে।
৩. ব্যক্তির অবশ্যই নিজস্ব বাসগৃহ এবং ঘাস চাষের জমি থাকতে হবে।
৪. পরিবারের উদ্বৃত্ত অথবা অব্যবহৃত পারিবারিক শ্রমের সুযোগ রয়েছে।
৫. গাভী পালনে ইতিবাচক মানসিকতা সম্পন্ন মহিলা, যুবক এবং কৃষক যার বিরুদ্ধে আর্থিক ও ব্যবস্থাপনাগত অনিয়মের কারণে কোন অভিযোগ/মামলা চলমান নেই/শাস্তি প্রাপ্ত নন।
৬. অবশ্যই গাভী পালনের জন্য উপযোগী গোয়ালঘর থাকতে হবে।
৭. উপজেলা সমবায় দপ্তরে কর্মরত উপজেলা সমবায় কর্মকর্তাসহ সহকারী পরিদর্শকগণ/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/সংশ্লিষ্ট ডিসিও কর্তৃক মনোনীত পরিদর্শক বা সমপর্যায়ের কর্মচারী স্থানীয়ভাবে তথ্য সংগ্রহকারীর দায়িত্ব পালন করবেন। জেলা সমবায় কর্মকর্তা সুবিধাভোগী নির্বাচন কার্যক্রম তদারকি করবেন। তবে ঋণের অর্থ শতভাগ সঠিক ব্যবহার নিশ্চিতকরণের বিষয় বিবেচনায় রেখে সুবিধাভোগী নির্বাচন করতে হবে।
৮. স্থানীয়ভাবে নির্বাচিত সুবিধাভোগীদের তালিকা সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিসার ও বিভাগীয় যুগ্মনিবন্ধকগণের প্রত্যয়নসহ প্রকল্প কার্যালয়ে দাখিল করতে হবে।
৯. বিভাগীয় যুগ্মনিবন্ধক কর্তৃক চূড়ান্তভাবে উপকারভোগী নির্বাচনের পর প্রতিটি উপজেলায় ২টি করে সমিতি গঠন করতে হবে।
১০. প্রতিটি সমিতির সদস্য সংখ্যা নির্ধারিত ৫০ জন ক্ষেত্র বিশেষে ২৫ জন যার মধ্যে ৬০% নারী ও ৪০% পুরুষ। তবে, জরিপে অংশগ্রহণকারীর সংখ্যা ৬০% নারী ও ৪০% পুরুষের বেশী হতে পারে।
১১. প্রতিটি সমিতিতে কমপক্ষে ০২ জন সদস্যের বয়স সর্বোচ্চ ৪০ বছর ও সর্বনিম্ন ১৮ বছর হতে হবে এবং বিজ্ঞান বিভাগে এসএসসি পাস হতে হবে( যারা কৃত্রিম প্রজনন কর্মী/ফ্যাসিলিটেটর হিসেবে কাজ করবেন)।
১২. প্রতিটি সমিতির নাম হবে-
(গ্রাম/স্থান/এলাকার সুপরিচিতি নাম) দুগ্ধ সমবায় সমিতি লি., ঠিকানা: গ্রাম: ......................
ডাকঘর: .................. উপজেলা: ................ জেলা: ........................।
উল্লেখ্য, প্রকল্পভুক্ত এই সমিতির জন্য নির্ধারিত উপ-আইনের কপি প্রকল্প দপ্তর থেকে সরবরাহ করা হবে।
১৩. সমবায় সমিতি গঠনের ক্ষেত্রে বিদ্যমান সমবায় সমিতি আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
১৪. সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি ৫৬ অনুযায়ী রেজিস্টার ও বহিসমূহ হাল-নাগাদ তথ্য লিপিবদ্ধপূর্বক সমিতিতে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, লোন রেজিস্টার, আদায় রশিদ ও পাশবহি প্রকল্প দপ্তর হতে যথাসময়ে সরবরাহ করা হবে।
১৫. নিবন্ধক কর্তৃক নির্ধারিত অন্য যে কোন শর্ত প্রযোজ্য হবে।

সংযুক্ত: সুবিধাভোগী নির্বাচনের জরিপ প্রশ্নমালা ফরম।

২৯/৭/২০২৬
(তোফায়েল আহমেদ)
প্রকল্প পরিচালক (যুগ্মনিবন্ধক)
দুগ্ধ ঘাটতি উপজেলায়
দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প
সমবায় অধিদপ্তর, ঢাকা।
মোবাইল নং- ০১৭১৮৫৩৬৭৭৬
milkproject.pd@gmail.com

জেলা সমবায় অফিসার
ও
সভাপতি, বেঞ্চমার্ক জরিপ কমিটি
জেলা: ..............................।

এক নজরে নতুন ২৫টি (উপজেলা) প্রকল্প এলাকা:

| ক্রমিক নং | বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|---|
| ১. | ঢাকা | নারায়ণগঞ্জ | রূপগঞ্জ |
| ২. | | টাংগাইল | সদর |
| ৩. | চট্টগ্রাম | চট্টগ্রাম | আনোয়ারা |
| ৪. | | কক্সবাজার | পেকুয়া |
| ৫. | | ব্রাহ্মণবাড়ীয়া | বাঞ্ছারামপুর |
| ৬. | ময়মনসিংহ | নেত্রকোণা | কেন্দুয়া |
| ৭. | | জামালপুর | ইসলামপুর |
| ৮. | খুলনা | নড়াইল | কালিয়া |
| ৯. | | ঝিনাইদহ | শৈলকুপা |
| ১০. | রংপুর | দিনাজপুর | নবাবগঞ্জ |
| ১১. | | | বিরামপুর |
| ১২. | | | কাহারোল |
| ১৩. | | | ঘোড়াঘাট |
| ১৪. | | ঠাকুরগাঁও | পীরগঞ্জ |
| ১৫. | | | রানীশংকৈল |
| ১৬. | | | হরিপুর |
| ১৭. | রাজশাহী | বগুড়া | সদর |
| ১৮. | | | গাবতলী |
| ১৯. | | | শিবগঞ্জ |
| ২০. | | | মোকামতলা |
| ২১. | | | শেরপুর |
| ২২. | বরিশাল | বরিশাল | সদর |
| ২৩. | | | উজিরপুর |
| ২৪. | | পিরোজপুর | কাউখালী |
| ২৫. | | বরগুনা | সদর |

সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক বাস্তবায়নাধীন
**দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প**

# সুবিধাভোগী নির্বাচনের বেঞ্চমার্ক জরিপ প্রশ্নমালা

(সঠিক উত্তরের পাশে (✓) চিহ্ন/তথ্য দিন)

**(তথ্য প্রদানকারীর পাসপোর্ট সাইজের ১টি রঙিন ছবি সংযুক্ত করতে হবে।)**

## অংশ-ক

০১। ক) নাম: খ) স্বামী/স্ত্রীর নাম:

গ) পিতার নাম: ঘ) মাতার নাম:

০২। ক) জাতীয় পরিচয়পত্র নম্বর **(কপি আবশ্যক)**: খ) মোবাইল নম্বর:

০৩। ঠিকানা: ক) গ্রাম: খ) ডাকঘর: গ) ওয়ার্ড:

ঘ) ইউনিয়ন: ঙ) উপজেলা: চ) জেলা:

০৪। ক) জন্ম তারিখ: খ) বয়স: গ) পেশা: ঘ) ধর্ম:

০৫। ক) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা:

খ) কোনো ধরনের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে (উল্লেখ করুন): ----------------------------------------------------

----------------------------------------------------------------------------------------------------------------------------

০৬। বৈবাহিক অবস্থা: ক) অবিবাহিত খ) বিবাহিত গ) বিধবা/বিপত্নীক ঘ) অন্যান্য

০৭। আপনার পরিবারে- ক) মোট জমির পরিমাণ: -------------- শতক (খ) আবাদী জমির পরিমাণ: --------------- শতক

(গ) অনাবাদী জমির পরিমাণ: --------শতক ঘ) ঘাস চাষযোগ্য জমির পরিমাণ (যদি থাকে): ---------- শতক

০৮। আপনার পরিবারের- ক) মোট সদস্য সংখ্যা: খ) উপার্জনক্ষম সদস্য সংখ্যা:

গ) বেকার সদস্য সংখ্যা: ঘ) প্রতিবন্ধী সদস্য সংখ্যা (যদি থাকে):

০৯। মাসিক আয় (টাকায়): (ক) ১০ হাজারের নিম্নে (খ) ১০-১৫ হাজার (গ) ১৬-২০ হাজার

(ঘ) অন্যান্য পরিমাণ (উল্লেখ করুন): -----------------------------------------------------

১০। আপনার আয়ের মূল উৎস: (ক) কৃষি (খ) গবাদি পশুপালন (গ) হাঁস-মুরগী পালন (ঘ) ব্যবসা

(ঙ) চাকুরি (চ) অন্যান্য (উল্লেখ করুন): -----------------------------------------------------------

১১। ক) আপনি বর্তমানে কোন ধরনের গবাদি পশু পালন করেন: -------------------- (খ) গোয়ালঘর আছে কিনা: -------------

(গ) গোয়ালঘর: কাঁচা/আধা-পাকা/পাকা ঘ) অন্যান্য (উল্লেখ করুন): -------------------------------------------------------

১২। বর্তমানে কোন প্রকার দুগ্ধজাত পণ্য (পনির, দই বা মিষ্টান্ন) উৎপাদন করেন কিনা: (ক) হ্যাঁ (খ) না

(গ) উত্তর "হ্যাঁ" হলে, আপনার উৎপাদিত পণ্য/সেবা বর্তমান বাজারজাতকরণের পদ্ধতি: ------------------------------------------

(ঘ) আপনার উৎপাদিত পণ্য/সেবা বাজারজাতকরণে কোনো প্রকার প্রতিবন্ধকতা আছে কিনা: (ক) হ্যাঁ (খ) না

(ঙ) উত্তর "হ্যাঁ" হলে, কি ধরনের প্রতিবন্ধকতা উল্লেখ করুন: --------------------------------------------------------------------------------

১৩। আপনি উন্নত জাতের গাভী পালনে আগ্রহী কিনা? (ক) হ্যাঁ (খ) না

১৪। ক) বর্তমানে আপনার ঋণের প্রয়োজন আছে কিনা? (ক) হ্যাঁ (খ) না

খ) আপনি কি কোনো ব্যক্তি/সংস্থার নিকট ঋণ গ্রহণ করেছেন? (ক) হ্যাঁ (খ) না

গ) বকেয়া ঋণের পরিমাণ (যদি থাকে): --------------------------------------------------------------------------------

১৫। ক) কোনো তফসিলী ব্যাংকে আপনারে একাউন্ট আছে কিনা: (ক) হ্যাঁ (খ) না

খ) উত্তর "হ্যাঁ" হলে ব্যাংকের নাম: --------------------------------------------------------------------------------

১৬। ক) আপনি কোনো আয়বর্ধনমূলক কার্যক্রমে অংশগ্রহণ করতে আগ্রহী কিনা: (ক) হ্যাঁ (খ) না

খ) উত্তর 'হ্যাঁ' হলে, কি ধরনের আয়বর্ধনমূলক কার্যক্রমে নিজেকে সম্পৃক্ত করতে আগ্রহী: ---------------------------------

১৭। (ক) বর্তমানে আপনি কোনো সমবায় সমিতির সদস্য কিনা: (ক) হ্যাঁ (খ) না

(খ) উত্তর 'না' হলে সমবায় সম্পর্কে আপনার কোনো ধারণা আছে কিনা: (ক) হ্যাঁ (খ) না

১৮। সমবায় সমিতির সদস্য হতে এবং নিয়মিত সঞ্চয় করতে আগ্রহী কিনা: (ক) হ্যাঁ (খ) না

১৯। প্রকল্পের সুবিধাভোগী হিসেবে নির্বাচিত হলে প্রকল্পের যাবতীয় নিয়মকানুন এবং সমিতির উপ-আইন মেনে চলতে বাধ্য হবেন মর্মে সম্মত আছেন কিনা: (ক) হ্যাঁ (খ) না

২০। এই জরিপের তথ্যসমূহ কোনো গবেষণাকর্মে ব্যবহারের ক্ষেত্রে আপনার আপত্তি আছে কিনা: (ক) হ্যাঁ (খ) না

..................................................................................

তথ্য প্রদানকারীর স্বাক্ষর/টিপসই ও তারিখ

## ........................................অংশ-খ........................................

১। তথ্য সংগ্রহকারীর নাম, পদবি ও কর্মস্থল:

২। তথ্য সংগ্রহকারীর মোবাইল নম্বর:

৩। তথ্য সংগ্রহের স্থান: তারিখ:

| তথ্য সংগ্রহকারীর স্বাক্ষর (তারিখসহ) ও সিল | সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তার স্বাক্ষর (তারিখসহ) ও সিল | সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তার স্বাক্ষর (তারিখসহ) ও সিল |
|---|---|---|
| | | |

*** তথ্য সংগ্রহকারী সংগৃহীত তথ্যের যথার্থতা ও গোপনীয়তা নিশ্চিত করবেন।**